

মাল্টিমোডাল ওয়াটারওয়েজ সামিটে যোগ দিতে নৌপরিবহন প্রতিমন্ত্রী ভারতের উত্তরপ্রদেশের বারানাসিতে পৌঁছেছেন

বারানাসি (উত্তরপ্রদেশ) ১০ নভেম্বর ২০২২


নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি “পিএম গতি শক্তি মাল্টিমোডাল ওয়াটারওয়েজ সামিট-২০২২’এর উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দিতে আজ ভারতের উত্তরপ্রদেশের বারানাসিতে পৌঁছেছেন।

আগামীকাল ১১ নভেম্বর-২০২২ ভারতের উত্তরপ্রদেশের বারানাসিতে এ সম্মেলন অনুষ্ঠিত হবে। ভারতের বন্দর, নৌ ও জলপথ এবং আয়ুর্বেদ, ইয়োগা ও ন্যাচারোপ্যাথি, ইউনানী, সিদ্ধাহ, হোমিওপ্যাথি (এ ওয়াই ইউ এস এইচ-আয়ুষ্) মন্ত্রণালয় দু’দিন ব্যাপি এ সামিটের আয়োজন করেছে।

ভারতের বন্দর, নৌ ও জলপথ এবং আয়ুষ্ মন্ত্রণালয়ের মন্ত্রী সরবানন্দ সনোয়ালের আমন্ত্রণে প্রতিমন্ত্রী সম্মেলনে অংশ নিবেন। তিনি দু’সদস্যের বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন। প্রতিনিধিদলের অপর সদস্য হলেন বিআইডব্লিউটিএ’র চেয়ারম্যান কমডোর গোলাম সাদেক। তিনি ভারতের ইনল্যান্ড ওয়াটারওয়েজ অথরিটির চেয়ারম্যান সঞ্জয় বন্দোপাধ্যায়ের আমন্ত্রণে সম্মেলনে অংশ নিচ্ছেন। তিনি সম্মেলনে ‘বাংলাদেশ ঃ ফোকাস অন রিজিওনাল কানেক্টিভিটি’ বিষয়ক বিশেষ অধিবেশনে বক্তব্য রাখবেন।

উল্লেখ্য, ভারত সরকার বিভিন্ন অংশীজনের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে “পিএম গতি শক্তি মাল্টিমোডাল ওয়াটারওয়েজ সামিট-২০২২’ এর আয়োজন করেছে। সম্মেলনে ভারতের রেল, সড়ক, জলপথ, বন্দর কর্তৃপক্ষের কর্মকর্তা, ভেসেলে অপারেটর, ই-কমার্স, ওয়্যারহাউজ কোম্পানি, কার্গো কোম্পানি, বৃহৎ অবকাঠামো নির্মাণকারি প্রতিষ্ঠানসমূহের উচ্চ পর্যায়ের প্রতিনিধিগণ অংশগ্রহণ করছেন।

বাংলাদেশ-ভারত দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতার ক্ষেত্রকে সম্প্রসারিত করতে এ সম্মেলন সহায়ক ভূমিকা রাখবে। এছাড়াও বিশেষ করে নৌপথ খাতে দু’দেশের মধ্যে অংশীদারিত্ব বৃদ্ধি ও জোরদারের ক্ষেত্রে ভূমিকা রাখবে। বাংলাদেশ ও ভারতের চমৎকার অর্থনৈতিক ও সাংস্কৃতিক সম্পর্ক রয়েছে। নৌপথ ইকোসিস্টেমে সহযোগিতার মাধ্যমে আমাদের দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানোর উল্লেখযোগ্য সম্ভাবনা রয়েছে। সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই এই প্ল্যাটফর্মের সুবিধা নিতে এবং নৌপথ সেক্টরে তার সম্ভাবনা দেখাতে বাংলাদেশকে স্বাগত জানানো হয়েছে।


মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪